



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Worksheet - 24
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ - পরীক্ষণ

Date : 02.12.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

গত শতাব্দীতে একদল লোক অনেক রকম বুদ্ধি বার করল। তারা ভাবল, সাহারার মধ্যে কয়েকটি নদী বইয়ে আনলে বালুময় ভূ - গর্ভকে উর্বর করে তোলা যেতে পারে। কোনো দল ভাবতে বসল দূরের আকাশ থেকে জলভরা মেঘের দল উড়িয়ে আনতে পারলে কাজ হবে। কিন্তু এই অনুর্বর ভূভাগের মধ্যে জিনিসপত্র সাজসরঞ্জাম অথবা লোকজনের আনাগোনা চালাতে গেলে রেলপথ নির্মাণ করা আগে দরকার। তখন সাজসাজ রব পড়ে গেল। কর্নেল ফ্ল্যাটার্স নামক একজন অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারী তাঁর দলবল নিয়ে প্রস্তুত হলেন।

- ১) সাহারার কী?
- ২) সাহারাকে উর্বর করার জন্য প্রথমে কী ভাবা হয়?
- ৩) অনুর্বর ভূভাগে জিনিসপত্র নিয়ে যেতে হলে কী দরকার?
- ৪) কখন সাজসাজ রব পড়ে গেল?
- ৫) সাহারায় রেলপথ নির্মাণের জন্য কে প্রস্তুত হন?
- ৬) অর্থ লেখো : শতাব্দী
- ৭) বিপরীত শব্দ লেখো : বুদ্ধি
- ৮) শূন্যস্থান পূরণ করো :

কোনো দল ভাবতে বসল দূরের আকাশ থেকে _____ উড়িয়ে আনতে পারলে কাজ হবে।

- ৯) বাক্য রচনা করো : কর্মচারী
- ১০) বহুবচনের রূপ লেখো : মেঘ
- ১১) পদ পরিবর্তন করো : আকাশ
- ১২) সমার্থক শব্দ লেখো : নদী

_____ x _____

Rita Das